14

ভোরের কাগজ

তারিখ DEC. 09 1999
পৃষ্ঠা ১০ , কলাম ৩

# নেত্রকোনার আদর্শ শিশু বিদ্যালয় বন্ধ পরীক্ষা দিতে পারেনি ৪০০ ছাত্রছাত্রী

**নজরুল ইসলাম খান, নেত্রকোনা (উত্তর থানা) প্রতিনিধি :** নেত্রকোনা পৌর শহরের কেন্দ্রস্থলে অবস্থিত একটি প্রাইমারি স্কুলের সার্বিক কার্যক্রম বন্ধ হওয়ার পথে। শহরের সাতপাই এলাকায় যে বাড়িতে 'আদর্শ শিশু বিদ্যালয়' নামের এই স্কুলটি গড়ে উঠেছে তাকে কেন্দ্র করেই এই অচলাবস্থার সৃষ্টি হয়েছে। অর্পিত সম্পত্তিভুক্ত এই বাড়িটি জেলা প্রশাসন স্কুলকে লিজ দিলেও এখন এলাকার পরিবেশন বিঘ্নিত হচ্ছে এই অজুহাতে লিজ প্রত্যাহার করে নেওয়ার এক আবেদনের পরিপ্রেক্ষিতে বর্তমানে স্কুলটির সার্বিক কার্যক্রম বন্ধ রয়েছে। স্কুলের ৪০০ ছাত্রছাত্রী বার্ষিক পরীক্ষাও দিতে পারছে না। স্থানীয় বিদ্যোৎসাহী ব্যক্তিবর্গ ও সরকারি চাকরিজীবী কয়েকজনের উদ্যোগে ১৯৮১ সালের ১২ ফেব্রুয়ারি বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়টি প্রতিষ্ঠার পর প্রায় প্রতি বছরই প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ভালো ফলাফলসহ সুনামের সঙ্গে পরিচালিত হয়ে আসছিল। আদর্শ শিশু বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা ৪০০ জন। ১৯৮২ সালের ৩ সেপ্টেম্বর স্কুলটি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় হিসেবে রেজিস্ট্রেশনপ্রাপ্ত হয়।

আদর্শ শিশু বিদ্যালয়ের কার্যক্রম চালাতে গিয়ে সাতপাই সরকারি বন্যা শিবির ভবনকে যেমন ব্যবহার করতে হয়েছে তেমনি সকাল ১০টায় বিদ্যালয় ছুটির পর তাকে নেত্রকোনা আদর্শ বালিকা বিদ্যালয়ের জন্য ব্যবহার করতে হয়।

বর্তমান সরকার ২০০২ সালের মধ্যে নিরক্ষরতা দূরীকরণের পাশাপাশি শিশু শিক্ষা প্রসারে ও এলাকাবাসীর স্বার্থে অর্পিত সম্পত্তির কথিত মুন্সেফ বাড়িখানা লিজ প্রক্রিয়ায় গত ১৯ জুলাই আদর্শ শিশু বিদ্যালয়ের নামে নেত্রকোনা জেলা প্রশাসন বরাদ্দ দেয়। এতে স্থানীয় সংসদ সদস্য ফজলুর রহমান খান, নেত্রকোনা পৌর চেয়ারম্যান মতিউর রহমান খান এবং জেলা বারের সভাপতি এডভোকেট আমিনুল ইসলাম এবং শহরের গণ্যমান্য ব্যক্তিবর্গ এক বিবৃতিতে আদর্শ শিশু বিদ্যালয়কে অর্পিত সম্পত্তির বাড়িতে স্থানান্তরিত করার উদ্যোগকে স্বাগত জানিয়েছেন।

খোঁজ নিয়ে জানা গেছে, আদর্শ শিশু বিদ্যালয়ের বর্তমান



*নেত্রকোনা আদর্শ শিশু বিদ্যালয়*

বাড়িটির মালিক ছিলেন কুমুদকান্তি মজুমদার। তিনি ছিলেন তৎকালীন পুলিশ অফিসের প্রধান সহকারী। পরে কুমুদকান্তি মজুমদার ভারত চলে যান। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর সাতপাই মৌজার এই বাড়িটি প্রায়শ নেত্রকোনার বিচার বিভাগীয় কর্মকর্তাগণ ব্যবহার করতেন। কিন্তু জেলা প্রশাসন লিজ প্রক্রিয়ায় স্কুলকে এই বরাদ্দ দেওয়ার কারণে সাতপাই কালীবাড়ি নিবাসী কয়েকজন ব্যক্তি সাতপাই এলাকার আবাসিক মর্যাদা ও শান্তিময় পরিবেশ বিঘ্নিত হতে পারে সম্ভাবনায় বিভাগীয় কমিশনার, ঢাকা বরাবরে আবেদন করেন। এদিকে জেলা প্রশাসন, নেত্রকোনা গত ৪ নভেম্বর এক (স্মারক নং-২০৩ সূত্র ভিপি কেইচ নং-১২৭৮/৬৩) নির্দেশে আদর্শ শিশু বিদ্যালয়ের কার্যক্রমের ওপর স্থগিতাদেশ জারি করে। এতে করে কোমলমতি ৪০০ জন শিশু-কিশোরের চলতি বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত থাকতে হচ্ছে।